সৌদির দুই সামরিক বিমানে ক্ষেপণাস্ত্র হামলার দাবি হুতিদের



ছবি: সংগৃহীত

সৌদি আরবের সামরিক স্থাপনা ও বিমান চলাচল অবকাঠামোতে হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র বাহিনী। তাদের দাবি, দুটি সামরিক পরিবহন বিমানকে ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে এবং আবহা আন্তর্জাতিক বিমানবন্দর লক্ষ্য করে ড্রোন হামলা চালানো হয়েছে।

ইয়েমেনের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারির বক্তব্য উদ্ধৃত করে ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবি এ তথ্য জানিয়েছে। পার্সটুডেও বিষয়টি নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে। তাদের প্রতিবেদন অনুযায়ী, মঙ্গলবার রাতে অভিযানগুলো পরিচালিত হয়।

ইয়াহিয়া সারি জানান, দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের মাধ্যমে সৌদি আরবের দুটি সামরিক পরিবহন বিমানকে লক্ষ্য করা হয়। এর একটি ছিল নজরান বিমানবন্দরে এবং অন্যটি খামিস মুশাইতের কিং খালিদ বিমানঘাঁটিতে। উভয় লক্ষ্যবস্তুতে হামলা সফল হয়েছে বলে তিনি দাবি করেন।

একই রাতে আবহা আন্তর্জাতিক বিমানবন্দরেও ড্রোন হামলা চালানোর কথা জানিয়েছেন ইয়েমেনের এই মুখপাত্র। তাঁর দাবি, ড্রোনটি নির্ধারিত স্থানে আঘাত হানার পর বিমানবন্দরটির ফ্লাইট কার্যক্রম বন্ধ হয়ে যায়।

তবে এ ঘটনায় সৌদি সামরিক বিমানগুলোর ক্ষয়ক্ষতি, কোনো হতাহতের ঘটনা কিংবা বিমানবন্দরের কার্যক্রম ব্যাহত হওয়ার বিষয়ে সৌদি কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া যায়নি। তাই হামলার ফলাফল ও এর প্রভাব সম্পর্কে স্বাধীনভাবে নিশ্চিত হওয়ার সুযোগ নেই।